

বাংলাদেশ সুপ্রীম কোর্ট

হাইকোর্ট বিভাগ, ঢাকা

(প্রশাসন শাখা)

www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং- ৩৬৩

এ,

তারিখঃ ১৪/০৮/২০২৫ খ্রিঃ

বিষয়: বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রাক্তন, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালসহ দেশের সকল অধস্তন আদালত ও ট্রাইব্যুনাল এর নিরাপত্তার স্বার্থে সকল ধরনের আগ্নেয়াস্ত্র, বিস্ফোরক দ্রব্য, মাদক দ্রব্য সহ, অবৈধ বস্তু (Illicit Substances) বহনে নিষেধাজ্ঞা সংক্রান্ত।

২। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলকে অবগত ও দৃষ্টিগোচর করা যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্ট দেশের বিচার অঙ্গনের সর্বোচ্চ স্থান এবং গুরুত্বপূর্ণ স্থাপনা হিসেবে বিবেচিত। বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয় এবং সুপ্রীম কোর্টের উভয় বিভাগের মাননীয় বিচারপতি মহোদয়গণ বাংলাদেশ সুপ্রীম কোর্টে বিচার কার্য পরিচালনা করে থাকেন। ফলে, বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয়, সুপ্রীম কোর্টের উভয় বিভাগের মাননীয় বিচারপতি মহোদয়গণ, মামলা পরিচালনায় নিযুক্তীয় আইনজীবীগণ সহ গুরুত্বপূর্ণ স্থাপনা হিসেবে সুপ্রীম কোর্টের নিরাপত্তা নিশ্চিতকরণ জরুরী।

৩। সাম্প্রতিক সময়ে লক্ষ্য করা যাচ্ছে যে, অত্র আদালতে আগত কিছু বিচারপ্রার্থী, মামলা সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ কোর্ট প্রাক্তনে আগ্নেয়াস্ত্র, বিস্ফোরক দ্রব্য, মাদক দ্রব্য সহ, অবৈধ বস্তু (Illicit Substances) বহন করছেন, যা আদালতের নিরাপত্তা, শান্তিপূর্ণ পরিবেশ এবং বিচারকার্য পরিচালনায় প্রতিবন্ধকতা সৃষ্টি করেছে। ইহাতে মাননীয় বিচারপতি, বিজ্ঞ আইনজীবী, কর্মকর্তা, কর্মচারীসহ বিচারপ্রার্থীদের নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে। তৎপ্রেক্ষিতে, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ব্যতিত বৈধ লাইসেন্সধারী হলেও বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রাক্তন, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালসহ দেশের অধস্তন আদালত ও ট্রাইব্যুনাল চত্বরে আগ্নেয়াস্ত্র, বিস্ফোরক দ্রব্য, মাদক দ্রব্য সহ, অবৈধ বস্তু (Illicit Substances) বহনে নিষেধাজ্ঞা প্রদান করা হলো। এই নির্দেশ লঙ্ঘন করলে সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে অত্র আইন ও অন্যান্য প্রযোজ্য আইনের আওতায় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪। বিজ্ঞ আইনজীবী, আইনজীবী সহকারী, কর্মকর্তা, কর্মচারী এবং বিচারপ্রার্থীদের এ বিষয়ে সচেতন থাকার নির্দেশ প্রদান করা হলো।

৫। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকবে।

আদেশক্রমে

স্বাক্ষর

(ড. আজিজ আহমেদ ডুগ্রা)

রেজিস্ট্রার জেনারেল

বাংলাদেশ সুপ্রীম কোর্ট

তারিখঃ ১৪/০৮/২০২৫ খ্রিঃ

স্মারক নং - ৭০৮৮

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. বিজ্ঞ এ্যাটর্নি জেনারেল, বাংলাদেশ, ঢাকা।
২. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. আইজিপি, বাংলাদেশ পুলিশ, ঢাকা। (এ বিষয়টি নিশ্চিত করনের জন্য সংশ্লিষ্ট জেলার পুলিশ কমিশনার/ পুলিশ সুপার কে অবহিত করার অনুরোধ সহ)।
৫. জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজ.....(সকল)। (আপনার অধীনে দায়িত্ব পালনরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে অবহিত করার অনুরোধসহ)।
৬. বিভাগীয় বিশেষ জজ/বিশেষ জজ.....(সকল)।
৭. বিচারক(জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল.....(সকল)।
৮. বিচারক(জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল/ দ্রুত বিচার ট্রাইব্যুনাল.....(সকল)।
৯. সদস্য(জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেট ট্রাইব্যুনাল/প্রশাসনিক ট্রাইব্যুনাল.....(সকল)।
১০. সদস্য(জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল/শ্রম আদালত, ঢাকা।
১১. বিচারক(জেলা জজ), পরিবেশ আপীল আদালত/ সাইবার ট্রাইব্যুনাল/মানব পাচার দমন ট্রাইব্যুনাল/সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল.....(সকল)।
১২. সদস্য(জেলা জজ), কাস্টমস্, এক্সসাইজ ও অ্যাট অ্যাপীলেট ট্রাইব্যুনাল.....(সকল)।
১৩. চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য়, কোর্ট অব সেটেলমেন্ট/ নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা। (আপনার অধীনে দায়িত্ব পালনরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে অবহিত করার অনুরোধসহ)।
১৪. বিচারক(জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
১৫. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/ চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট.....(সকল)। (আপনার অধীনে দায়িত্ব পালনরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে অবহিত করার অনুরোধসহ)।
১৬. সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতি, ঢাকা
১৭. পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা। (বিষয়টি নিশ্চিতকরণের জন্য ডিজিটেল টিম গঠন করার অনুরোধসহ)
১৮. জেলা ম্যাজিস্ট্রেট.....(সকল জেলা)।
১৯. পুলিশ সুপার,.....(সকল জেলা)।
২০. উপ পুলিশ কমিশনার, রমনা বিভাগ, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা
২১. সহকারী রেজিস্ট্রার (কোর্ট কীপিং), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২২. অতিরিক্ত উপ পুলিশ কমিশনার (নিরাপত্তা), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২৩. পুলিশ পরিদর্শক, স্পেশাল বেঞ্চ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২৪. প্রধান তথ্য অফিসার, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (প্রচার মাধ্যমে সম্প্রচারের অনুরোধসহ)
২৫. সিস্টেম এনালিস্ট, আই.টি, শাখা, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
২৬. সভাপতি/সেক্রেটারী, জেলা আইনজীবী সমিতি,.....(সকল)
২৭. অফিসার ইন-চার্জ, শাহবাগ/রমনা থানা, ঢাকা
২৮. চীফ রিপোর্টার (বার্তা) এ.টি,এন বাংলা/ চ্যানেল আই/ এন, টি, ডি।
২৯. বার্তা সম্পাদক, বাসস/ এনা/দৈনিক ইত্তেফাক/দৈনিক জনকণ্ঠ/দৈনিক সংবাদ/দৈনিক ইনকিলাব/দৈনিক অবজারভার/দৈনিক যুগান্তর।

(ড. মোঃ আতিকুল সামাদ)

ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)